

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
নিবন্ধন ও সহায়তা-বাণিজ্য
জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা বা/এ, ঢাকা।

স্মারক নং- ০৩.২১৯.৩৪৪.০০.০০.৭২৪.২০১৬- ০০২

তারিখঃ ০৬/০৯/২০১৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ-এর নিবন্ধন ও সহায়তা-বাণিজ্য অধিশাখা থেকে প্রদত্ত নিম্নোক্ত সেবার বিপরীতে ফি/চার্জ বাবদ ট্রেজারী চালানের পরিবর্তে "বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ"/"Bangladesh Investment Development Authority"-এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবেঃ

| ক্রমিক | সেবার নাম | ফি/চার্জ |
|--------|--|---|
| ১। | নতুন কর্মানুমতি | প্রতিজনের জন্য প্রতি বছর টাঃ ৫,০০০/- (পে-অর্ডারের মাধ্যমে) |
| ২। | কর্মানুমতির মেয়াদ বৃদ্ধি | প্রতিজনের জন্য প্রতি বছর টাঃ ৫,০০০/- (পে-অর্ডারের মাধ্যমে) |
| ৩। | নতুন ব্রাঞ্চ/লিয়াজে/প্রতিনিধি অফিস পারমিশন | টাঃ ২৫,০০০/- (পে-অর্ডারের মাধ্যমে) |
| ৪। | ব্রাঞ্চ/লিয়াজে/প্রতিনিধি অফিস পারমিশন-এর মেয়াদ বৃদ্ধি | সর্বোচ্চ প্রতি দুই বছরের জন্য টাঃ ১০,০০০/- (পে-অর্ডারের মাধ্যমে) |
| ৫। | বিবিধ সেবা (অফিস ঠিকানা পরিবর্তন, কর্মানুমতি পত্রের সংশোধন, প্রতিষ্ঠানের নাম পরিবর্তনসহ যেকোন সংশোধনী) | সংশোধনী ফি টাঃ ১,০০০/- (পে-অর্ডারের মাধ্যমে) |

০২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আতিক সরকার)
সহকারী পরিচালক

 নিবন্ধন ও সহায়তা-বাণিজ্য
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

বিতরণঃ সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। নির্বাহী সদস্য (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- ২। মাননীয় নির্বাহী চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
(মাননীয় নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। পরিচালক (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (সিএসবি), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
(বহুল প্রচারের নিমিত্ত অফিসের বিভিন্ন তলার দর্শনীয় স্থানে প্রদর্শনের অনুরোধসহ)
- ৬। প্রোগ্রামার, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
(বহুল প্রচারের নিমিত্ত ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, মেসার্স বিজনেজ অটোমেশন লিমিটেড, এসটিপি-১, বিডিবিএল ভবন (লেভেল-৯), ১২, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
(অনলাইন সার্ভিসে এ বিষয়ে প্রয়োজনীয় সংশোধনীর অনুরোধসহ)।
- ৮। জনাব
-
-
-
- ৯। অফিস কপি।